

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়
৪, নিউ ইন্সটান রোড, ঢাকা-১০০০
www.waqf.gov.bd

স্মারক নং- ১৬.০২.০০০০.০৩৪.৩১.০০০.১৮-২০৩

তারিখ: ১৪৩২
১৩/০৪/২০২৬

বিষয়ঃ চট্টগ্রাম জেলার খুলশী থানাধীন হযরত খাজা গরিব উল্লাহ শাহ (র:) দরগাহ ওয়াক্ফ এস্টেট (ই. সি. নং-১৩৫৬৯) এর কমিটি অনুমোদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার খুলশী থানাধীন হযরত খাজা গরিব উল্লাহ শাহ (র:) দরগাহ ওয়াক্ফ এস্টেট (ই. সি. নং-১৩৫৬৯) এর অফিসিয়াল মোতাওয়াল্লী জনাব মো: আবু তাহের এর বিরুদ্ধে কতিপয় অভিযোগসহ তার (মো: আবু তাহের) ওপর মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে বিচারাধীন সিভিল রিভিশন ১১২৫/২০১৮ নং মামলায় স্থগিতাদেশ থাকায় তাকে (মো: আবু তাহের) অব্যাহতি দিয়ে অফিসিয়াল মোতাওয়াল্লী/কমিটি অনুমোদনের জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র গত ১৪/১২/২০২৫ খ্রি: তারিখে এ কার্যালয়ে আবেদন করেন।

এমতাবস্থায়, যেহেতু, জনাব ফিরোজ আহমেদ গং কর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরী সিভিল রিভিশন নং ১১২৫/২০১৮ নং মোকদ্দমায় মহামান্য আদালত ২২/০৮/২০২২ খ্রি: তারিখের আদেশে বিজ্ঞ অতিরিক্ত জেলা জজ ৫ম আদালত কর্তৃক প্রদত্ত ০৬/০২/২০১৮ খ্রি: তারিখের আদেশটি রুল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত স্থগিতাদেশ প্রদান করেন। এ মামলায় অফিসিয়াল মোতাওয়াল্লী জনাব মো: আবু তাহের ৩ নং প্রতিপক্ষ রয়েছেন এবং মামলাটি বিচারাধীন;

এবং

যেহেতু, উল্লিখিত সিভিল রিভিশন ১১২৫/২০১৮ নং মামলার ২২/০৮/২০২২ খ্রি: তারিখের স্থগিতাদেশ এর তথ্য গোপন করে জনাব মো: আবু তাহের এ কার্যালয় থেকে অফিসিয়াল মোতাওয়াল্লী পদ হাসিল করেছেন মর্মে প্রকাশ পেয়েছে;

সেহেতু, কর্তৃপক্ষের আদেশক্রমে উল্লিখিত ওয়াক্ফ এস্টেট পরিচালনায় অফিসিয়াল মোতাওয়াল্লী জনাব মো: আবু তাহের এর কার্যক্রম স্থগিত করা হলো এবং এস্টেটটি সুষ্ঠু পরিচালনা ও ব্যবস্থাপনার স্বার্থে নিম্নবর্ণিত ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট উপদেষ্টা কমিটি ও ১৩ (তেরো) সদস্য বিশিষ্ট পরিচালনা কমিটি বর্ণিত শর্তে ১৩/০৪/২০২৬ খ্রি: তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য অনুমোদন দেয়া হলো।

উপদেষ্টা কমিটি

ক্রমিক নং	নাম	পদবী
০১	শওকত আজম খাজা, পিতা: মরহুম গনি আহমদ	উপদেষ্টা
০২	সৈয়দ কুদরত-ই-খোদা (তোতা), পিতা: এস. এম.এ হায়াত	উপদেষ্টা
০৩	আহমেদ উল আলম চৌধুরী (রাসেল), পিতা: মৃত বদিউল আলম চৌধুরী	উপদেষ্টা
০৪	মো: আবদুল হান্নান জিলানী, পিতা: মো: আবদুল মতিন	উপদেষ্টা
০৫	মো: ফারুক সিকদার, মৃত আবু তাহের সিকদার	উপদেষ্টা

এস্টেট পরিচালনা কমিটির তালিকা

ক্রমিক নং	নাম	পদবী
০১	মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন	সভাপতি
০২	বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম	সহ-সভাপতি
০৩	সহকারী কমিশনার (ভূমি), খুলশী, চট্টগ্রাম	সহ-সভাপতি
০৪	মো: গোলাম সরোয়ার, পিতা: মৃত মো: নিজাম উদ্দিন, খুলশী, চট্টগ্রাম।	সেক্রেটারী
০৫	জনাব মো: বুবেল, পিতা: মৃত আরব আলী, কুশুম বাগ আবাসিক এলাকা, খুলশী, চট্টগ্রাম।	সহ: সেক্রেটারী
০৬	সংশ্লিষ্ট ওয়াক্ফ পরিদর্শক/হিসাব নিরীক্ষক, চট্টগ্রাম জোন-২, চট্টগ্রাম	সদস্য
০৭	মো: আবুল কালাম, পিতা: মৃত আবুল কাশেম, ৬৯০/এ, আবুল কাশেমের বাড়ী, মসজিদ গোলা, দামপাড়া, চট্টগ্রাম।	সদস্য
০৮	আব্দুল মান্নান, পিতা: মৃত শওকত আলী, জুনা পাগলার বাড়ী, দামপাড়া, খুলশী, চট্টগ্রাম	সদস্য
০৯	আব্দুল হালিম স্বপন, পিতা: মৃত আব্দুল মালেক, লালখান মাজার, খুলশী, চট্টগ্রাম	সদস্য
১০	মো: ইউসুফ আলী, পিতা: মৃত মো: ইয়াকুব আলী, খুলশী, চট্টগ্রাম	সদস্য
১১	জিয়াউর রহমান, পিতা: নুরুল ইসলাম, পাঁচলাইশ, চট্টগ্রাম	সদস্য
১২	আব্দুল হালিম শাহ আলম, পিতা: মৃত আব্দুল মজিদ, কুসুমবাগ, খুলশী, চট্টগ্রাম	সদস্য
১৩	নূর হোসেন উজ্জল, পিতা: মৃত সিরাজুল ইসলাম, কুসুমবাগ, আবাসিক এলাকা, ডেবার পাড়, খুলশী, দামপাড়া, চট্টগ্রাম।	সদস্য

শর্তসমূহ

- ১। ওয়াক্ফ অধ্যাদেশ ১৯৬২ ও ওয়াক্ফ সংক্রান্ত অন্যান্য বিধি বিধান এবং ওয়াক্ফ দলিল (যদি থাকে) অনুসারে ওয়াক্ফ এস্টেট পরিচালনা করতে হবে। ওয়াক্ফ সংক্রান্ত আইন, বিধি-বিধান এবং ওয়াক্ফ দলিলের পরিপন্থী কোন কাজ করা হলে কমিটি দায়বদ্ধ থাকবে এবং আইন ও বিধি বিধান মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ২। ধার্যকৃত ওয়াক্ফ কন্ট্রিবিউশন প্রতি অর্থ বছর ৩০শে জুনের মধ্যে আবশ্যিকভাবে ওয়াক্ফ প্রশাসক বরাবর পরিশোধ করতে হবে;
- ৩। প্রতি বছর ১৫ জুলাই এর মধ্যে পূর্ববর্তী অর্থ বছরের আয়-ব্যয়ের হিসাব দাখিল করতে হবে;
- ৪। এস্টেটের নামে ব্যাংক একাউন্ট খুলে সভাপতি ও সেক্রেটারীর যৌথ স্বাক্ষরে ওয়াক্ফ এস্টেট পরিচালনাসহ সকল প্রকার লেনদেন তফসিলি ব্যাংক হিসেবের মাধ্যমে পরিচালনা করতে হবে এবং সকল প্রকার আর্থিক বিধি-বিধান যথাযথ ভাবে অনুসরণ করতে হবে;
- ৫। ওয়াক্ফ সম্পত্তির মালিকানা স্বত্ব (রেকর্ড অব রাইটস) বজায় রাখতে হবে এবং এস্টেটের নামের কোন তারতম্য করা যাবে না;
- ৬। এস্টেটের বিচারাধীন মামলা সমূহ (যদি থাকে) পরিচালনায় যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে মামলার অর্জিত ফলাফল সময়ে সময়ে এ কার্যালয়কে অবহিত করতে হবে;
- ৭। প্রয়োজন মোতাবেক এস্টেটের স্বার্থ সংরক্ষণ ও এস্টেট পরিচালনায় এ কার্যালয়ের পরামর্শ ও সহযোগিতা গ্রহণ করতে হবে;
- ৮। নিয়মিত পরিচালনা কমিটির সভা করতে হবে এবং সভার কার্যবিবরণী অবশ্যই ওয়াক্ফ প্রশাসক বরাবর প্রেরণ করতে হবে;
- ৯। পরিচালনা কমিটির সভার অনুমোদন ব্যতীত এস্টেট সংক্রান্ত কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না;
- ১০। এস্টেটের দান বাস্তব খোলার সময় স্থানীয় পরিদর্শকসহ কমিটির সকল সদস্যের প্রতিনিধীর উপস্থিতি নিশ্চিত করে দান বাস্তব খুলতে হবে;

১৩/০৪/২২
গোলাম সরোয়ার

সহকারী প্রশাসক (চঃ দাঃ)
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন।

মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন

ও

সভাপতি

হযরত খাজা গরিব উল্লাহ শাহ (র:) দরগাহ ওয়াক্ফ এস্টেট
খুলশী, চট্টগ্রাম।

স্মারক নং- ১৬.০২.০০০০.০৩৪.৩১.০০০.১৮-২০৩ (১-৭)

তারিখ: ১৪৩২
১৩/০৪/২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা ওয়াক্ফ উন্নয়ন কমিটি, চট্টগ্রাম।
- ২। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সহ-সভাপতি, হযরত খাজা গরিব উল্লাহ শাহ (র:) দরগাহ ওয়াক্ফ এস্টেট, খুলশী, চট্টগ্রাম।
- ৩। সহকারী কমিশনার (ভূমি), সহ-সভাপতি, হযরত খাজা গরিব উল্লাহ শাহ (র:) দরগাহ ওয়াক্ফ এস্টেট, খুলশী, চট্টগ্রাম।
- ৪। জনাব মো: গোলাম সরোয়ার, সেক্রেটারী, হযরত খাজা গরিব উল্লাহ শাহ (র:) দরগাহ ওয়াক্ফ এস্টেট, পিতা: মৃত মো: নিজাম উদ্দিন, খুলশী, চট্টগ্রাম।
- ৫। জনাব মো: আবু তাহের, পিতা: মৃত মো: ইসমাইল, হযরত খাজা গরিব উল্লাহ শাহ (র:) দরগাহ ওয়াক্ফ এস্টেট, খুলশী, চট্টগ্রাম।
- ৬। সংশ্লিষ্ট হিসাব নিরীক্ষক, চট্টগ্রাম জোন-২, চট্টগ্রাম।
- ৭। আইসিটি শাখা, বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।

১৩/০৪/২২
গোলাম সরোয়ার

সহকারী প্রশাসক (চঃ দাঃ)
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন।

ফায়